দর্শনার ঈশ্বরচন্দ্রপুর গ্রামের ফেন্সিডিলসহ টুটুল গ্রেফতার

দর্শনায় ঘরের মধ্যে অভিযান চালিয়ে খাটের নিচ থেকে ৪০ বোতল ফেন্সিডিলসহ মাদক সম্রাট টুটুলকে গ্রেফতার করছে ডিবি পুলিশ।

জানাযায় গতকাল মঙ্গলবার বিকাল ৫ টার দিকে চুয়াডাঙ্গা জেলা ডিবি শাখার ইনচার্জ, শেখ সফিকুর রহমান গোপন সংবাদের ভিত্তিতে অভিযান চালায় ঈশ্বরচন্দ্রপুর গ্রামে। এ সময় ডিবি পুলিশের এস আই সাজ্জাদ হোসেন, এ এস আই বিজন কুমার ভট্টাচার্য, এ এস আই রমেন কুমার সরকার, এ এস আই আবেদুর রহমান, সঙ্গীয় ফোর্সসহ গোপন সংবাদের ভিত্তিতে অভিযান চালায়, দর্শনা পৌরসভার ঈশ্বরচন্দ্রপুর গ্রামে মাদক সম্রাট টুটুলের বাড়ি।

এ সময় ডিবি পুলিশ বড় মসজিদ পাড়ার হোসেন আলীর ছেলে শাহিনুজ্জামান টুটুল(৫০)কে ৪০ বোতল ভারতীয় ফেনসিডিলসহ গ্রেফতার করে। পরে তার স্বীকারোক্তিতে তার বাড়িতে অভিয়ান চালিযে বসতবাড়ির শয়নকক্ষের খাটের নীচ হতে ৪০ বোতল অবৈধ মাদকদ্রব্য ফেন্সিডিল উদ্ধার করে। পরে গ্রেফতারকৃত আসামির বিরুদ্ধে দর্শনা থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে নিয়মিত মামলা রুজু করা হয়েছে। গতকালই তাকে মাদক আইনে মামলাসহ তাকে চুয়াডাঙ্গা কোর্ট হাজতে প্রেরন করেছে

মুজিবনগরে ১ বছরের সাজা প্রাপ্ত আসামি গ্রেফতার

মুজিবনগরে সি আর মামলার এক বছরের সাজা প্রাপ্ত আসামি উপজেলার মানিকনগর গ্রামের হানিফ আলীর ছেলে সেন্টু মিয়াকে গ্রেফতার করেছে মুজিবনগর থানা পুলিশ।

বৃহস্পতিবার দুপুরে গোপন সংবাদের ভিত্তিতে এসআই উত্তম কুমার এর নেতৃত্বে কেদারগঞ্জ বাজার হতে সাজাপ্রাপ্ত ওয়ারেন্ট ভুক্ত আসামী সেন্টু কে গ্রেফতার করা হয়।

গ্রেফতার কৃত আসামি কে বিকেলে কোর্টে প্রেরণ করা হয়েছে।

দামুড়হুদা কার্পাসডাঙ্গায় ৩কেজি গাঁজাসহ গ্রেফতার ১

দামুড়হুদা কার্পাসডাঙ্গায় ৩কেজি গাঁজাসহ লাল্টু নামের একজনকে গ্রেফতার করেছে দামুড়হুদা থানা পুলিশ।

বুধবার সকাল ৬ টার দিকে উপজেলার আরামডাঙ্গা গ্রামে রশিদের বাড়ি সংলগ্ন মুদি দোকানের সামনে থেকে তাকে গ্রেফতার করা হয়। গ্রেফতারকৃত হলো উপজেলার কার্পাসডাঙ্গা ইউনিয়নের আরাম গ্রামের আলাল উদ্দিনের ছেলে লাল্টু (৩২)।

পুলিশ সুত্রে জানাগেছে গোপন সংবাদের ভিত্তিতে দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ওসি ফেরদৌস ওয়াহিদ এর দিক নির্দেশনায় কার্পাসডাঙ্গা পুলিশ ক্যাম্পের ইনচার্জ এসআই ইমরান ও এএসআই মসলেম উদ্দিন সঙ্গীয় ফোর্স সহ উপজেলার কার্পাসডাঙ্গা ইউনিয়নের আরামডাঙ্গা গ্রামে অভিযান চালিয়ে একটি মুদি দোকানের সামনে থেকে ৩কেজি গাঁজাসহ লাল্টু কে গ্রেফতার করে। আসামীকে দামুড়হুদা মডেল থানায় হস্তান্তর করা হয়।

এবিষয়ে দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ওসি ফেরদৌস ওয়াহিদ বলেন ৩কেজি গাঁজাসহ গ্রেফতারকৃতকে বিজ্ঞ আদালতে সোপর্দ করা হয়েছে।

দামুড়হুদা কার্পাসডাঙ্গায় ৩৭ পিচ ইয়াবা ট্যাবলেট সহ গ্রেফতার- ১

দামুড়হুদা কার্পাসডাঙ্গায় ৩৭পিচ ইয়াবা সহ মিকাইল নামের একজনকে গ্রেফতার করেছে দামুড়হুদা থানা পুলিশ।

শুক্রবার সকাল ৬ টার দিকে উপজেলার বাঘাডাঙ্গা নতুনপাড়া মসজিদের সামনে থেকে তাকে গ্রেফতার করা হয়। গ্রেফতারকৃত হলো উপজেলার দর্শনা থানার দুর্গাপুর গ্রামের আইয়ুব আলীর ছেলে মিকাইল (৩৯)।

পুলিশ সুত্রে জানাগেছে গোপন সংবাদের ভিত্তিতে দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ওসি ফেরদৌস ওয়াহিদ এর দিক নির্দেশনায় কার্পাসডাঙ্গা পুলিশ ক্যাম্পের ইনচার্জ এসআই ইমরান ও এএসআই মসলেম উদ্দিন সঙ্গীয় ফোর্স সহ উপজেলার কার্পাসডাঙ্গা ইউনিয়নের বাঘাডাঙ্গা নতুনপাড়া মসজিদের সামনে থেকে ৩৭ পিচ ইয়াবা সহ মিকাইল কে গ্রেফতার করে। আসামীকে দামুড়হুদা মডেল থানায় হস্তান্তর করা হয়।

এবিষয়ে দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ওসি ফেরদৌস ওয়াহিদ বলেন ইয়াবা সহ গ্রেফতারকৃতকে বিজ্ঞ আদালতে সোপর্দ করা হয়েছে।

দামুড়হুদায় ওয়ারেন্ট ভুক্ত পলাতক আসামি গ্রেফতার

দামুড়হুদায় ছয়টি ওয়ারেন্ট ভুক্ত একজন পলাতক আসামিকে গ্রেফতার করেছে দামুড়হুদা মডেল থানা পুলিশ।

বুধবার সকাল ৮টার দিকে রংপুর থেকে তাকে গ্রেফতার করা হয়। গ্রেফতারকৃত হলো দামুড়হুদা উপজেলার চন্দ্রাবাস গ্রামের আলী আহমদ এর ছেলে আশরাফুজ্জামান ওরফে আশরাফুল (৩৮)।

পুলিশ সুত্রে জানাগেছে দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ওসি ফেরদৌস ওয়াহিদ এর দিক নির্দেশনায় গোপন সংবাদের ভিত্তিতে এসআই আসাদ ও এএসআই শাহাবুদ্দীন লস্কর বিভিন্ন স্থানে অভিযান চালায় এবং শ্বাস রুদ্ধ কর অভিযান শেষে রংপুর থেকে ছয়টি সি আর গ্রেফতারী পরোয়ানাভুক্ত আসামি আশরাফুজ্জামান ওরফে আশরাফুলকে গ্রেপ্তার করেন।

এ বিষয়ে দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ওসি ফেরদৌস ওয়াহিদ ঘটনার সত্যতা নিশ্চিত করে বলেন ছয়টি সি আর গ্রেফতারী পরোয়ানাভুক্ত এক জন আসামী গ্রেফতার হয়েছে। আজ বৃহস্পতিবার তাকে বিজ্ঞ আদালতে সোপর্দ করা হবে।

দর্শনায় ১৪৭ বোতল ফেনসিডিল সহ গ্রেফতার ১

দর্শনায় ফেনসিডিল সহ ঝাঁঝাডাঙ্গার শাহজাহান (৩০) নামের এক মাদক ব্যাবসায়ীকে গ্রেফতার করেছে দর্শনা থানা পুলিশ।

গতকাল মঙ্গলবার রাত ১২ টার দিকে দর্শনা থানার অফিসার ইনচার্জ এএইচএম লুৎফুল কবীরের নেতৃত্বে থানার এসআই রাম প্রসাদ সরকার, এএসআই তুহিন হোসেন, এএসআই হাফিজুর রহমান ও সঙ্গীয় ফোর্সসহ মাদক বিরোধী অভিযানন চালায় দর্শনা থানাধীন পারকৃষ্ণপুর-মদনা ইউনিয়নের ছয়ঘরিয়া গ্রামস্থ ঘোনার মাঠগামী ইটের সলিং রাস্তার উত্তর পাশে।

এ সময় আজিতের ভূট্টা ক্ষেত হতে আমদানী নিষিদ্ধ ভারতীয় ১৪৭ বোতল ফেন্সিডিল সহ শাহজাহান (৩০) নামের এক মাদক ব্যাবসায়ীকে গ্রেফতার করেন। গ্রেফতার হওয়া মাদক ব্যাবসায়ী শাহজাহান দামুড়হুদা উপজেলার দর্শনা থানাধীন পারকৃষ্ণপুর-মদনা ইউনিয়নের ঝাঁঝাডাঙ্গা গ্রামের মৃত হযরত আলীর ছেলে।

গ্রেফতারকৃত আসামীসহ পলাতক আসামীদের বিরুদ্ধে দর্শনা থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা রুজু করা হয়েছে। । গতকালই শাহাজানকে ১৯৭৪ সালের মাদক আইনে মামলাসহ চুয়াডাঙ্গা কোর্ট হাজতে

প্রেরন করেছে।

জীবননগরে জামায়াতের ১২ নেতা কর্মী গ্রেফতার

নাশকতার প্রস্তুতির সময় জীবননগর থেকে জামায়াতের ১২ নেতা-কর্মীকে গ্রেফতার করেছে পুলিশ। এ সময় ৪টি বোমা সাদৃশ্য বস্তু ও জিহাদী বই উদ্ধার করা হয়। গতকাল শনিবার সন্ধা থেকে রাত পর্যন্ত জীবননগর উপজেলার হাসাদহ ইউনিয়নের বিভিন্ন স্থান থেকে তাদের আটক করে পুলিশ।

আটককৃত আসামীরা হলেন, হাসাদহ ইউনিয়নের মাধবপুর গ্রামের সাইদুল ইসলাম, মারুফদাহ গ্রামের মোঃ শাহ আলম,বালিহুদা গ্রামের মোঃ ফজলুর রহমান, নতুন চাকলা গ্রামের মোঃ আতিকুর রহমান মন্টু, কাটাপোলা গ্রামের মোঃ মিনাজ উদ্দিন, বৈদ্যনাথপুর গ্রামের ওলিউর রহমান, সীমান্ত ইউনিয়নের নতুনপাড়া গ্রামের রেজাউল করিম, বেনীপুর গ্রামের সাবেকি ইউপি সদস্য মোঃ রবিউল হোসেন, গোয়ালপাড়া গ্রামের সাবেক ইউপি সদস্য মোঃ জহুর আলম,যাদবপুর গ্রামের মইনুদ্দিন,জীবননগর পৌর সভার আশতলা পাড়ার মোঃ নুরুজ্জামান বিশ্বাস এবং উথলী ইউনিয়নের মৃগমারী গ্রামের মোঃ হাসানুজ্জামানকে আটক করে পুলিশ।

জীবননগর থানার ভারপ্রাপ্ত কমকতা (ওসি) মোঃ আব্দুল খালেক বলেন, গতকাল শনিবার সন্ধায় জামায়াতের নেতা-কর্মীরা নাশকতার পরিকল্পার প্রস্তুতি নিচ্ছে এমন সংবাদ পায় পুলিশ। জীবননগর থানার এসআই রায়হান সঙ্গীয় ফোর্স নিয়ে জীবননগর উপজেলার হাসাদহ ইউনিয়নের বৈদ্যনাথপুর গ্রামের একটি আম বাগানে অভিযান চালায়। জামায়াতের প্রায় ৬০/৭০ জন নেতা- কর্মী নাশকতার পরিকল্পনার প্রস্তুতি নিচ্ছিল। এসময় তারা পুলিশের উপস্থিতি টেরে পেয়ে পালিয়ে যাওয়ার সময় বেশ কয়েক জনকে আটক করে।

পরে উপজেলার মাধবপুর ও হাসাদহ এলাকায় অভিযান চালিয়ে ১২ জামায়াতের নেতা-কর্মীকে আটক করে। গ্রেফতারকৃতদের রোববার দুপুরে আমলী

জীবননগর আদালতে সোপর্দ করা হয়। এবং তাদের কাছ থেকে ৪টি বোমা সাদৃশ্য বস্তু ও বেশ কিছু জিহাদি বই উদ্ধার করা হয়েছে।

এঘটনায় পুলিশ বাদী হয়ে বিস্ফোরক ও বিশেষ ক্ষমতা আইনে ৩৪ জনের নাম উল্লেখসহ আর ৩৫ জনকে অজ্ঞাত আসামি করে মামলা দায়ে করেছে। তিনি আরও বলেন, এধরনের অভিযান অব্যাহত থাকবে।

বামন্দী ইউনিয়নের সাবেক চেয়ারম্যান বিএনপি নেতা আওয়াল বিশ্বাস গ্রেফতার

গাংনীর বামন্দী মাদ্রাসায় বোমা উদ্ধারের ঘটনায় বামন্দী ইউনিয়নের সাবেক চেয়ারম্যান ও জেলা বিএনপির যুগ্ন সাধারন সম্পাদক আঃ আওয়াল বিশ্বাস কে গ্রেফতার করা হয়েছে।

সোমবার রাত ৮টার দিকে বামন্দী বাসস্ট্যান্ড এলাকা থেকে গ্রেফতার করে বামন্দী পুলিশ ক্যাম্প।

বামন্দী পুলিশ ক্যাম্প ইনচার্জ এস আই ইসরাফিল হোসেন জানান, গোপন সংবাদের ভিত্তিতে বামন্দী বাসস্ট্যান্ড এলাকায় সঙ্গীয় সদস্যদের নিয়ে অভিযান চালিয়ে বামন্দী ইউনিয়নের সাবেক চেয়ারম্যান ও বিএনপি নেতা আঃ আওয়াল বিশ^◌াসকে গ্রেফতার করা হয়েছে।

গত ১০ ফেব্রুয়ারী শুক্রবার গাংনী উপজেলার বামন্দী দাখিল মাদ্রাসায় বোমা বিস্ফোরন ও উদ্ধারের ঘটনায় জড়িত সন্দেহে তাকে গ্রেফতার করা হয়েছে। তাকে আদালতের মাধ্যমে কারাগারে প্রেরন করা হবে।

দামুড়হুদায় পুলিশের অভিযানে ৭টি ককটেল সহ ৫জন গ্রেফতার

দামুড়হুদায় পুলিশের বিশেষ অভিযানে নাশকতা করার চেষ্টাকালে ৭টা ককটেল বোমা সহ ৫ জনকে গ্রেফতার করেছে দামুড়হুদা মডেল থানা পুলিশ। গতকাল বৃহস্পতিবার দিনগত গভীর রাতে অভিযান চালিয়ে দামুড়হুদা উপজেলা সদর ইউনিয়ন পরিষদের ফুটবল মাঠ থেকে তাদেরকে গ্রেফতার করা হয়।

গ্রেফতারকৃতরা হলেন উপজেলার কার্পাসডাঙ্গার শওকত আলীর ছেলে জাহাঙ্গীর আলম টুটুল (৩৮), মুন্সিপুর গ্রামের কুতুবউদ্দিন এর ছেলে তরিকুল ইসলাম (৩৮), পুরাতন বাস্তপুর গ্রামের আক্কাচ মন্ডলের ছেলে আব্দুল হান্নান (৫৫), বিষ্ণুপুর গ্রামের জবেদ আলী মন্ডলের ছেলে মজিবুল হক (৫২), জয়রামপুর বাগান পাড়ার মৃত আইজ উদ্দিন এর ছেলে আব্দুল মালেক (৪০)।

পুলিশ সুত্রে জানাগেছে, বৃহস্পতিবার দিনগত গভীর রাতে গোপন সংবাদের ভিত্তিতে এসআই সোয়াদ বিন মোবারক, এসআই মিজানুর রহমান, এসআই আসাদুজ্জামান, এসআই মনজুরুল হক, এসআই তাপস কুমার রায়, এএসআই দিরাজ আলী, এএসআই শেখ আবু হানিফ, এএসআই আব্দুল্লাহ আল মামুন, এএসআই আলমগীরসহ সঙ্গীও ফোর্স নিয়ে দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদের সামনে ফুটবল খেলার মাঠে কিছু দুষ্কৃতকারী সরকার বিরোধী কর্মকান্ড করার লক্ষে তাহাদের হেফাজতে বিস্ফোরকদ্রব্য বোমা রাখিয়া জীবন ও সম্পত্তির ক্ষতি সাধন করার উদ্দেশ্যে অবস্থান করিতেছে। এমন সংবাদের ভিত্তিতে তাদের কাছে একটি ব্যাগের মধ্যে থেকে ৭টি ককটেল বোমা সাদৃশ্য বস্তু ও ১৫ টি বাসের লাটিসহ ৫ জনকে গ্রেফতার করা হয়। এসময় পুলিশের উপস্থিতি টের পেয়ে আরও ২০ থেকে ২৫ জন পালিয়ে যাই। তাদের বিরুদ্ধে দামুড়হুদা মডেল থানায় মামলা দায়ের করা হয়েছে।

এবিষয়ে দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ওসি ফেরদৌস ওয়াহিদ বলেন, গ্রেফতারকৃতদের বিজ্ঞ আদালতে সোপর্দ করা হয়েছে।

দর্শনায় ফেনসিডিলসহ একজন গ্রেফতার

দর্শনা থানা পুলিশ মাদক বিরোধী অভিযান চালিয়ে ১৮ বোতল ফেনসিডিলসহ একজনকে গ্রেফতার করেছে।

জানাগেছে আজ মঙ্গলবার বিকাল সাড়ে ৪ টার দিকে দর্শনা থানার পুলিশ পরিদর্শক (তদন্ত) এস এম আমানউল্লাহ এর নেতৃত্বে অভিযান চালায় ছয়ঘরিয়া গ্রামে।

এ সময় দর্শনা থানার এস আই তাইফুজ্জামান, এ এস আই সানোয়ার হোসেন, সঙ্গীয় ফোর্সসহ গোপন সংবাদের ভিত্তিতে মাদক বিরোধী অভিযান চালায় পারকৃষ্ণপুর মদনা ইউনিয়নের ছয়ঘরিয়া গ্রামের প্রাথমিক বিদ্যালয়ের সামনে।

এ পুলিশ পারকৃষ্ণপুর মদনা ইউনিয়নের মদনা গ্রামের মাহবুল বিশ্বাস
(৬২) কে তার দেহ তল্লাশি করে ১৮ বোতল ভারতীয় ফেনসিডিলসহ গ্রেফতার করে।সে মদনা গ্রামের মৃত্য কায়দার আলীর ছেলে।

আজ তাকে পুলিশ বাদি হয়ে মাদক আইনে মামলাসহ চুয়াডাঙ্গা কোর্ট হাজতে প্রেরন করেছে।